

মুন্সিগঞ্জ সিএসই কনফারেন্স অনুষ্ঠিত

✍ নিজেস্ব প্রতিবেদক (https://www.jagonews24.com/author/staff-reporter)

🕒 প্রকাশিত: ০২:৫০ এএম, ২৬ নভেম্বর ২০১৭



তথ্যপ্রযুক্তিতে শিক্ষার্থীদের দক্ষতা বৃদ্ধি করতে দেশব্যাপী শুরু হওয়া সিএসই কনফারেন্স এবার অনুষ্ঠিত হলো রাজধানীর অদূরে মুন্সিগঞ্জে। শনিবার মুন্সিগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট অডিটোরিয়ামে আড়াই'শ শিক্ষার্থীর অংশগ্রহণে এ কনফারেন্স অনুষ্ঠিত হয়।

কনফারেন্সে আলোচনায় অংশ নেন পলিটেকনিক ইনস্টিটিউটের প্রিন্সিপাল ইঞ্জিনিয়ার মিজানুর রহমান, ভাইস প্রিন্সিপাল ইঞ্জিনিয়ার শফিকুল ইসলাম, কম্পিউটার টেকনোলজি বিভাগের প্রধান ইঞ্জিনিয়ার মো. আলাউদ্দিনসহ বিভিন্ন ডিসিপ্লিনের শিক্ষকবৃন্দ।

কনফারেন্সে তথ্যপ্রযুক্তির আপডেট ভার্সন, প্রোগ্রামিং, মাইক্রোসফট সফটওয়্যার ডেভেলপমেন্ট, আইওটি, স্ট্যাটিং ইউর ক্যারিয়ার ওয়েব ও ডাটাবেজ ডেভেলপমেন্ট, রোবোটিকস প্রজেক্টেশন, আউটসোর্সিং, মোবাইল অ্যাপস ও তথ্যপ্রযুক্তিতে উন্নত ক্যারিয়ার গঠন বিষয়ক ক্লাস নেন দেশি-বিদেশি প্রকৌশলীরা।

সিএসই কনফারেন্সের উদ্যোক্তা প্রকৌশলী মো. ইসরাফিল জানান, কারিগরি শিক্ষাবোর্ড অনুমোদিত দেশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষার্থীদের দক্ষতা বৃদ্ধিতে এ কনফারেন্স অব্যাহত থাকবে। যেকোনো ইনস্টিটিউট এ কনফারেন্স করতে চাইলে সিএসই কনফারেন্সের ওয়েবসাইটে যোগাযোগ করতে পারবে। এ কর্মসূচিতে সহায়তা করছে সফটওয়্যার নির্মাতা প্রতিষ্ঠান আলফা নেট।

এফএইচ/বিএ/জেআইএম

সম্পাদক : সুজন মাহমুদ

© ২০১৮ সর্বস্বত্ব সংরক্ষিত | জাগোনিউজ২৪.কম, একেসি প্রাইভেট লিমিটেডের একটি প্রতিষ্ঠান

📍 আজহার কমফোর্ট কমপ্লেক্স (৫ম তলা), গ-১৩০/এ প্রগতি সরণি, মধ্যবাড্ডা, ঢাকা-১২১২

☎ (Phone:) ৮৮ ০২ ৯৮৪২৬৮৯ , 📠 (Fax:) ৮৮ ০২ ৯৮৪২১৭৬ ✉ (Email:) info@jagonews24.com, jagonews24@gmail.com